

প্রিয় পরিবার,

আজ থেকে সকল চলমান ৪ (অষ্টম) গ্রেডের শিক্ষার্থীদের পরিবারসমূহ এবং প্রথমবারের মতো ৯ (নবম) গ্রেডের শিক্ষার্থীরা আপনার মাইস্কুলস্ (MySchools) অ্যাকাউন্ট-এ লগ ইন করতে এবং স্পেশালাইজড হাই স্কুল অ্যাডমিশন টেস্ট (SHSAT)-এর জন্য রেজিস্টার করতে পারবেন। যেসব শিক্ষার্থী হাই স্কুলে আবেদন করার যোগ্য, তারা স্পেশালাইজড হাই স্কুলের ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণেরও যোগ্য।

এখানে দেখুন কীভাবে শুরু করবেন:

মাইস্কুলস্ (MYSCHOOLS)-এ লগ ইন করুন

- **আপনার অভ্যর্থনামূলক চিঠি গ্রহণ করুন!** চলমান ৪ (অষ্টম) গ্রেডের পাবলিক DOE এবং চার্টার স্কুল শিক্ষার্থীদের কাছে অভ্যর্থনামূলক চিঠি (Welcome letter) ডাকযোগে পাঠানো হয়। সকল চলমান ৪ (অষ্টম) গ্রেডের শিক্ষার্থী (এবং প্রথমবারের মতো ৯ (নবম) গ্রেডের শিক্ষার্থী, আগ্রহী হলে) তাদের অভ্যর্থনামূলক চিঠি পেতে পারে তাদের চলমান স্কুল থেকে। সে চিঠিতে অন্তর্ভুক্ত থাকে DOE-এর অনলাইন স্কুল ডিরেক্টরি ব্যবহার ও আবেদন প্রক্রিয়ার ব্যাখ্যাসহ হাই স্কুলে ভর্তি সম্পর্কিত বিষয়ের একটি উপরিচিত্র, MySchools.nyc।
- **যদি মাইস্কুলস্ আপনার কাছে নতুন হয়,** আপনার অভ্যর্থনামূলক চিঠি আপনাকে MySchools অ্যাকাউন্ট সেট আপ করতে এবং আপনার সন্তানকে তার অনন্য অ্যাকাউন্ট তৈরির কোড ব্যবহার করে যুক্ত করতে সহায়তা করবে।
- **আপনার কি গত বছরের মাইস্কুলস্ (MySchools) অ্যাকাউন্ট বিদ্যমান আছে? এখনি লগ ইন করুন!** প্রয়োজন হলে আপনি আপনার MySchools পাসওয়ার্ড রিসেট করতে পারবেন। আপনি যদি আপনার সন্তানের নাম ড্যাশবোর্ড পেজে দেখতে না পান, কোনো সমস্যা নেই—আপনার সন্তানের অভ্যর্থনামূলক চিঠিটিকে নিন এবং সেটাতে দেওয়া নির্দেশনা অনুসরণ করুন।

আপনার অ্যাকাউন্টে লগ ইন করার পর, আপনি যা যা করতে পারবেন:

- **15 নভেম্বরের মধ্যে SHSAT-এর জন্য রেজিস্টার করতে।** স্পেশালাইজড হাই স্কুল অ্যাডমিশন টেস্ট (SHSAT)-এর রেজিস্ট্রেশন চালু আছে যা ভর্তির জন্য পরীক্ষা গ্রহণকারী আর্টটি স্পেশালাইজড হাই স্কুলে ভর্তি নিশ্চিত করে।
 - আপনি যদি স্কুলগুলোর একটিতে/সবটিতে আবেদন করতে আগ্রহী হন, আপনার রেজিস্ট্রেশন জমা দিন—15 নভেম্বরের শেষ দিনটির মধ্যে। SHSAT-এর রেজিস্ট্রেশন আগে এলে আগে পাবেন ভিত্তিতে **হয় না**; শেষ দিনটির মধ্যে রেজিস্টার করা সকল শিক্ষার্থী SHSAT-তে অংশগ্রহণ করতে পারবে।
 - আপনি অনলাইনে রেজিস্টার করতে পারবেন আপনার মাইস্কুলস্ (MySchools) অ্যাকাউন্ট ব্যবহার করে, কিংবা আপনার বর্তমান স্কুল কাউন্সেলরের মাধ্যমে।
 - অনুশীলনী পরীক্ষা, পরীক্ষার তারিখ এবং স্থান জানা যাবে schools.nyc.gov/SHS ওয়েবপেজে-এ। ডিসেম্বরের প্রথম দিকে, রেজিস্টার্ড শিক্ষার্থীরা আলাদা আলাদা পরীক্ষার টেস্ট টিকেট লাভ করবে যা নিশ্চিত করবে ডিসেম্বরে কখন ও কোথায় তারা পরীক্ষা দেবে।
- **মাইস্কুলস্ (MySchools)-এ বিভিন্ন হাই স্কুলে আপনার সুযোগসমূহ সম্পর্কে জানুন।** আপনি যখন আপনার অ্যাকাউন্ট-এ লগ ইন করবেন, আপনার পছন্দের প্রোগ্রামের নামের পাশের তারকাটিতে ক্লিক করে তা সেভ করতে পারবেন।

অনুগ্রহ করে লক্ষ্য করুন: হাই স্কুলের আবেদন করা এখনও চালু হয়নি, এবং লাগোর্ডিয়া হাই স্কুলের জন্য অডিশনের রেজিস্ট্রেশনের এখনও সময় হয়নি। যখন আরও তথ্য পাওয়া যাবে, আমরা ইমেইলে হালনাগাদ সংবাদ জানাবো।

সহায়তা প্রয়োজন?

- আপনার সন্তানের বর্তমান স্কুল কাউন্সিলারের সাথে আলাপ করুন। পুরো ভর্তি প্রক্রিয়া চলাকালে তাই হচ্ছেন আপনার প্রধান যোগাযোগের কেন্দ্র (পয়েন্ট অফ কন্টাক্ট) এবং তাই আপনার অভ্যর্থনামূলক চিঠি পেতে সহায়তা করতে পারেন। যদি আপনার সন্তান কোনো বেসরকারি বা প্যারোকিয়াল (ধর্মীয়) স্কুলে, কিংবা হোমস্কুলিং-এ থাকে, আপনিও কোনো [ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের সাথে যোগাযোগ](#) করতে পারেন।
- আরও জানুন এবং আমাদের ভর্তি সংক্রান্ত ভিডিও দেখুন—কীভাবে মাইস্কুলস্ (MySchools) দেখতে ও ব্যবহার করতে হয়, সে বিষয়ক ভিডিও এগুলোর মধ্যে রয়েছে—যা পাওয়া যাবে schools.nyc.gov/High এবং schools.nyc.gov/SHS ওয়েবপেজ-এ।

আপনার এবং আপনার সন্তানের জন্য একটি সফল বছর কামনা করছি।

আপনাকে ধন্যবাদ,

হাই স্কুল অ্যাডমিশন্স টিম, অফিস অফ স্টুডেন্ট এনরোলমেন্ট

NYC ডিপার্টমেন্ট অফ এডুকেশন